গাংনীতে পিএসকেএসের দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে ২৫ জন খামারি নিয়ে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

উক্ত প্রশিক্ষণে গরু মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে গরু মোটাতাজা করা যায়, গরু মোটাতাজা করণের জন্য গরু সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, গরু মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (এফএমডি, তড়কা, এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ, এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়। প্রশিক্ষণে খামারিদের হাতে কলমে কিভাবে ইউরিয়া মোলাসেস স্ট্র তৈরী করতে হয় তা শেখানো হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অবহিত করা হয়।

এসময় উপস্থিত সফল খামারী মোছাঃ জামেনা খাতুন নামে একজন খামারি জানান তিনি ২০২৩-২৪ অর্থ বছরে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি থেকে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর একটি প্রদর্শনী পেয়েছেন। এর দ্বারা ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে গরু মোটাতাজা করণের পাশাপাশি কেঁচো সার উৎপাদনের মাধ্যমে আগের থেকে অধিক লাভবান হচ্ছেন বলে তিনি জানান।

উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ভেটেরিনারি সার্জন ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির

সমন্বিত কৃষি ইউনিটের প্রাণীসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ। উক্ত প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক (প্রশিক্ষণ) মোঃ সাইফুল ইসলাম।

এই প্রশিক্ষণ আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

চুয়াডাঙ্গা সদর উপজেলায় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

“বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি” প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় সদর উপজেলা পরিষদ চত্বরে দু’দিন ব্যাপী এ মেলার আয়োজন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রশাসন।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় সদর উপজেলার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষর্থীদের অংশগ্রহণে এ মেলা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের উপ-পরিচালক ও অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার।

এ সময় তিনি বলেন, শিক্ষা ছাড়া কোনো জাতি ও দেশ দারিদ্র্যমুক্ত হতে পারে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে দেশ। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে পরিণত হবে। প্রতিটি শিক্ষার্থীদের নতুন প্রজন্মের প্রতি পড়ালেখার পাশাপাশি বিজ্ঞানের ওপর আরো বেশি চর্চা ও গবেষণার আহবান জানান। বর্তমানে বিজ্ঞান প্রযুক্তির বিশ্বে টিকে থাকতে হলে

শিক্ষার্থীদের বিজ্ঞানের ওপর আরো বেশি লেখাপড়া, চর্চা ও গবেষণা করতে হবে। কেননা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে বিজ্ঞানের ওপর ব্যাপক গবেষণার প্রয়োজন।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার সোহেল আহম্মেদের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, ভাইস চেয়ারম্যান গরীব রুহানি মাসুম।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা আফরিন বিনতে আজিজ। সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন।

আলোচনা সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিকাশ কুমার সাহা। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী জারিন তাসনিম।

এ সময় সদর উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেলায় মাধ্যমিক পর্যায়ে ১৫টি ও কলেজ পর্যায়ে তিনটি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। আগামীকাল আনুষ্ঠানিক ভাবে সমাপ্তি ও পুরষ্কার প্রদান করা হবে।

আলমডাঙ্গায় দু’দিন ব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

আলমডাঙ্গায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে দুই দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান মেলা উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

‘বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবনে সমৃদ্ধি’এই প্রতিপাদ্যকে সামনে

রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বাস্তবায়নে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় আজ বুধবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ মঞ্চে মেলার উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এবারের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ মেলায় মোট ২৬ টি স্টল অংশগ্রহণ করে। মেলায় উপজেলার বিভিন্ন স্থান থেকে আগত স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা তাদের প্রকল্প, উদ্ভাবিত প্রযুক্তি, গবেষণা ও পণ্য প্রদর্শন করছেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন বলেন, ‘ দেশ মধ্যআয়ের মাধ্যমে স্মার্ট রুপে পরিণত হতে চলেছে। লেখাপড়ার পাশাপাশি সকল শিক্ষার্থীকে এখন গবেষণার জন্য পরিবেশ সৃষ্টি হয়েছে যা পূর্বে ছিল না। আমাদের প্রয়োজন গবেষকদের উৎসাহ ও প্রেরণা দেয়া।’

তিনি খুদে গবেষকদের উদ্দেশ করে বলেন, ‘আমাদের অনেক বিখ্যাত গবেষক প্রয়োজন এ দায়িত্ব তোমাদের হাতে রইল। তোমরাই পারবে আমাদের সংকল্পকে সার্থক করতে। এ দেশে অনেক অ-ব্যবহারিত সম্পদ রয়েছে। সেগুলো আগামিতে ব্যবহারের জন্য প্রযুক্তিগত যথাযথ আহরণ করে দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে।’

দু’দিন ব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন উপজেলা পরিষদের নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, কৃষি কর্মকর্তা রেহানা পারভিন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তা সামীমা সুলতানা, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, থানার অফিসার ইনচার্জ ভারপ্রাপ্ত (ওসি) শেখ গণি মিয়া।

ঝিনাইদহে অনূর্ধ্ব ১৫ ফুটবলার বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় ডেভলপমেন্ট কাপ ফুটবল বালক (অনূধর্ব-১৫) বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়।

সেসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলার চেয়ারম্যান (ভারঃ) রাশিদুর রহমান রাসেল, জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার প্রমূখ।

দামুড়হুদায় দুই দিনব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

দামুড়হুদায় দুই দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

এসময় এমপি টগর বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সুযোগ্য সন্তান সজীব ওয়াজেদ জয়ের চিন্তার ফলে তথ্যপ্রযুক্তির উন্নয়ন হচ্ছে। বিজ্ঞান ছাড়া দেশ এগিয়ে যেতে পারে না। বর্তমান সরকার বিজ্ঞান প্রযুক্তিকে যেভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে তাতে ছেলে-মেয়েদের ছোটবেলা থেকে ধারণাটাই পাল্টে যাচ্ছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে দামুড়হুদা উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন ও বিজ্ঞান মেলা, ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড, এবং ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর। এসময় সংসদ সদস্য মহোদয় মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং শিক্ষার্থীদেরকে বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা।

সমবায় অফিসার হারুন অর রশিদের সঞ্চচালয়নায় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ দামুড়হুদা উপজেলা সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

মেহেরপুরের ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর জেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) সকালে জেলা স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় যারা বিভিন্ন ইভেন্টে

চ্যাম্পিয়ন হয় তারা জ্লো পর্যোয়ে খেলার যোগ্যতা অর্জন করে। জেলার মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

জেলা প্রশাসক শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষনা করেন।

জেলা শিক্ষা অফিসার আব্বাসউদ্দিনের সভাপতিত্বে ও প্রধান শিক্ষক শ্বাশদ নিপুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল হাসান খান, নজরুল শিক্ষা মন্জিলের প্রধান শিক্ষক সানজিদা খাতুন।

অনুষ্ঠানে জেলা শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তা ও বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আগামীকাল জেলা পর্যায়ের ফাইনাল খেলার মাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হবে ।

হরিণাকুণ্ডুতে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে হরিনাকুন্ডু পৌরসভার আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সে সময় উপজেলা নির্বাহী অফিসার আক্তার হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ জিয়াউর

রহমান, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

খেলায় পৌরসভার ১০টি দল দুটি গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিবে। উদ্বোধনী ম্যাচে ১৫ ওভারের খেলায় পৌরসভার ১ নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড অংশ নেয়। মাদক ও মোবাইল গেমস থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখতে এমন ধরণের আয়োজন বলে জানান আয়োজকরা।

চুয়াডাঙ্গায় কোরআন শিক্ষা কার্যক্রমের উদ্বোধন

চুয়াডাঙ্গায় পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) উদ্যোগে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। চুয়াডাঙ্গা পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) কর্তৃক আয়োজিত পুনাক চুয়াডাঙ্গার অফিসকক্ষে শনিবার সকাল সাড়ে দশটার সময় পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) চুয়াডাঙ্গার উদ্যোগে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন পুনাক সভানেত্রী মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস।

এ সময় তিনি বলেন, চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ও পার্শ্ববর্তী এলাকায় নারী ও শিশুদের জন্য পবিত্র কোরআন শিক্ষা প্রদানের জন্য নারী শিক্ষক না থাকায় নারী ও শিশুরা দীর্ঘদিন ধরে কোরআন শিক্ষা থেকে পিছিয়ে পড়ছে।

ফলে পিতা মাতার সঠিক তত্ত্বাবধান, নৈতিক সুশিক্ষা ও ধর্মীয় অনুশাসনের অভাবে সমাজে অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিনিয়ত ঘটছে। জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ।

জ্ঞান অর্জনের পাশাপাশি আল-কুরআন শিক্ষা করাও প্রত্যেক মুসলমানের উপরে আল্লাহ ফরজ করে দিয়েছেন। সামাজিক দায়বদ্ধতা থেকে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে পুনাক চুয়াডাঙ্গার উদ্যোগে।

উল্লেখ্য পুলিশ লাইন্স জামে মসজিদে সকল বয়সী পুরুষদের মসজিদভিত্তিক কোরআন শিক্ষা কার্যক্রম চলমান আছে। এখন থেকে পুলিশ লাইন্স ও পার্শ্ববর্তী এলাকার নারী ও শিশুরা পুনাক চুয়াডাঙ্গার উদ্যোগে প্রতিদিন সকালে মহিলা শিক্ষক দ্বারা পরিচালিত কোরআন শিক্ষার সুযোগ পাবে।

উক্ত শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুনাক সভানেত্রী মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস, চুয়াডাঙ্গা পুনাকের সহ-সভাপতি মিসেস নাহিদা আক্তার, সাধারণ সম্পাদিকা মিসেস জোবায়দা আক্তার, কোষাধ্যক্ষ মিসেস সাবিনা ইয়াসমিন, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় স্বতন্ত্র প্রার্থী ঢেঁকি মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু’র ঢেঁকি মার্কার নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার রাত সাড়ে ৭ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঢেঁকি মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু।

এসময় এমপি প্রার্থী লন্টু বলেন, আমাদের সামনে খুব ভালো দিন আসবে, জননেত্রী শেখ হাসিনা সবাইকে সংসদ নির্বাচন করার সুযোগ করে দিয়েছেন। সেজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। এবার জনগণ নির্বাচিত করবে ভালো মানুষকে। আমরা কোন ঘুষ দুর্নীতি অবৈধ সম্পদ দখল

এসবের পায়তারাই কোনদিন ছিলাম না এখনো নেই অদূর ভবিষ্যতেও থাকবো না। আমরা সব সময় ন্যায়ের পক্ষে, আমরা সব সময় এলাকার উন্নয়নের পক্ষে। আমার বড় ভাই সাবেক সংসদ সদস্য মির্জা সুলতান রাজা একজন নির্লোভী মানুষ ছিলেন। আমি সেই পরিবারের সন্তান, আমি তার আপন ছোট ভাই। মহান আল্লাহ আমাদের সবাইকে ঐক্যবদ্ধ রাখলে অবশ্যই আমি আপনাদের সকলের প্রচেষ্টায় কামিয়াবি হবো ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি আমি এলাকার উন্নয়নের সর্বোচ্চ চেষ্টা করব। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। তাই আপনারা ৭ জানুয়ারী সকালে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আপনারা আমার ঢেঁকি মার্কায় ভোট দেয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, যুবলীগ নেতা ও সাবেক সেনা সদস্য হাফিজুর রহমান হাফিজ, হাউলী ইউনিয়ন যুবলীগ নেতা আলাউদ্দিন, মালেক ভূঁইয়া, খালেক ভূঁইয়া, আবুল হাসেম, সুমন আলী, মাসুম সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী ও সমর্থক বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ঈগল মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের (ঈগল মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঈগল মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংসদপত্র পরিষদের মহাসচিব (বিএসপি) নূর হাকিম।

এসময় নূর হাকিম বলেন, নির্বাচনে সকল ক্ষমতা জনগণের হাতে থাকে। তাই আপনারা যদি আমার ঈগল মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি চুয়াডাঙ্গা ২ আসন অর্থাৎ দামুড়হুদা উপজেলা, জীবননগর উপজেলা ও গড়াইটুপি ইউনিয়ন, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়ন, নেহালপুর ইউনিয়নকে আমি ডিজিটাল করে দেবো। এখানকার সমস্ত জনগণের জন্য আমি নিজ উদ্যোগে ইন্টারনেটের আওতায় আনবো এবং সকলে ফ্রী ওয়াইফাই ব্যাবহার করবে। দেশ যখন ডিজিটাল তখন সেবাও হবে ডিজিটাল। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সমস্তরকমের সুযোগ সুবিধার পাশাপাশি চুয়াডাঙ্গা ২ আসনকে উন্নয়নের রোল মডেলে পরিনত করবো। গ্রামাঞ্চলের রাস্তা ঘাট ব্রীজ কার্লভাট সব কিছু জনগণের উন্নয়নে কাজ করা হবে। আপনারা কেউ ভোট নিয়ে হানাহানি করবেননা। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী সহ আইনশৃঙ্খলা বাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ঈগল মার্কায় ভোট দেওয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের ঈগল মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা সহ নির্বাচনী কমিটির সদস্য বৃন্দ, স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।